

🗏 সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪:৬

💵 আরবি মূল আয়াত:

وَ يَرَى الَّذِينَ أُوتُوا العِلمَ الَّذِى أُنزِلَ اللَّهُ مِن رَّبِّكَ هُوَ الحَقُّ وَ يَهدِى اللَّه اللَّهُ عَرِي الْحَمِيدِ ﴿ عَهِ اللَّهِ عَبِرَاطِ العَزِيزِ الحَمِيدِ ﴿ عَهِ ﴾

আর যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে তারা জানে যে, তোমার রবের পক্ষ থেকে তোমার প্রতি যা নাযিল করা হয়েছে তা সত্য এবং তা মহাপরাক্রমশালী ও প্রশংসিত আল্লাহর পথের দিকে হিদায়াত করে। — আল-বায়ান

যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে তারা তোমার কাছে তোমার প্রতিপালকের পক্ষ থেকে যা অবতীর্ণ হয়েছে তাকে সত্য বলে জানে এবং (তারা আরো জানে যে) তা মহাপরাক্রমশালী ও প্রশংসিত (আল্লাহ)'র পথে পরিচালিত করে। — তাইসিকল

যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে তারা জানে যে, তোমার রবের নিকট হতে তোমার প্রতি যা অবতীর্ণ হয়েছে তা সত্য। ইহা মানুষকে পরাক্রমশালী ও প্রশংসা আল্লাহর পথ নির্দেশ করে। — মুজিবুর রহমান

And those who have been given knowledge see that what is revealed to you from your Lord is the truth, and it guides to the path of the Exalted in Might, the Praiseworthy. — Sahih International

৬. আর যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে, তারা জানে যে, আপনার রবের কাছ থেকে আপনার প্রতি যা নাযিল হয়েছে তা-ই সত্য; এবং এটা পরাক্রমশালী প্রশংসিত আল্লাহর পথ নির্দেশ করে।

তাফসীরে জাকারিয়া

- (৬) যাদেরকে জ্ঞান দেওয়া হয়েছে, তারা সুনিশ্চিতভাবে জানে যে, তোমার প্রতিপালকের নিকট হতে তোমার প্রতি যা অবতীর্ণ করা হয়েছে তা সত্য;[1] এবং তা মানুষকে পরাক্রমশালী প্রশংসিত আল্লাহর পথ নির্দেশ করে। [2]
 - [1] এখানে يَرَى দেখার অর্থ হল অন্তর-চক্ষু দিয়ে দেখা; শুধু চোখের দেখা নয়। অর্থাৎ, 'ইলমে ইয়াকীন' দ্বারা সুনিশ্চিতরূপে জানে। 'যাদেরকে জ্ঞান দেওয়া হয়েছে' বলে সাহাবায়ে-কিরামগণ অথবা আহলে কিতাবদের মু'মিন

thadithbd.com — কুরআন — সাবা | Saba | سببًا

বা সকল মু'মিনদেরকে বুঝানো হয়েছে। অর্থাৎ মু'মিনগণ তা জানেন ও তার উপর দৃঢ় বিশ্বাস রাখেন।

[2] এর সংযোগ 'সত্য' শব্দের সাথে। অর্থাৎ, তারা এটাও জানে যে, এই কুরআন কারীম ঐ পথের দিশা দেয়, যা সেই আল্লাহর পথ, যিনি সৃষ্টি জগতে সকলের উপর প্রতাপশালী এবং আপন সৃষ্টির মাঝে প্রশংসা পাওয়ার যোগ্য। সে পথ হল তাওহীদের পথ, যে পথের দিকে সকল পয়গম্বরগণ নিজ নিজ সম্প্রদায়কে দাওয়াত দিয়েছিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3612

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন